# ২০২০
# বাংলা
## (অনার্স)
## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## পঞ্চম সেমেস্টার
## কোর্স কোড : BNGH-DSE-T-2
## (বাংলাদেশের সাহিত্য)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।
(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) কবি শামসুর রহমান রচিত 'স্বাধীনতা তুমি' কবিতাটিতে উল্লেখিত দুইজন কবির নাম লেখো।

খ) 'শামসুর রহমানের জন্য এলিজি' কার লেখা, কোন্ কবিতার অংশ? এলিজি শব্দের অর্থ লেখো।

গ) 'তোমার দূরত্ব নিত্য আমার ক্রৌঞ্চ এর দিনে অব্যর্থ নিষাদ' কার লেখা কোন্ কবিতার অংশ? কবিতাটির রচনাকাল লেখো?

[পরপৃষ্ঠায়]

ঘ) "— সেদিন বলে গিয়েছিল আসবে বলে। সে আসে নাই" — উদ্ধৃতাংশটি কার লেখা কোন্ গল্পের অংশ? এখানে 'সে' বলতে কাকে বোঝানো হয়েছে?

ঙ) "হাসি তখনো চলছে, ওর মধ্যেই বললেন, ওর নাকি এই বয়সেই একটা ছেলে হয়ে গেছে।" — কার হাসির কথা বলা হয়েছে? 'ওর' - বলতে কাকে বোঝানো হয়েছে?

চ) "আম্মা দরজা খোলো, দরজা খোলো।" — কার লেখা, কোন্ গল্পের অংশ? বক্তা কে?

ছ) "তোমার জন্মের আগে থেকে চিনি বাবা, বহুত দিন থেকে চিনি।" — কে, কাকে একথা বলেছেন?

জ) "সব সাঁচ মিলৈ সো সাঁচ হৈ, না মিলে সো ঝুট।" — কার লেখা কোন্ রচনার অংশ? পঙক্তিটি কোন্ কবির রচনা?

ঝ) 'বাঙালির আত্মপরিচয়' প্রবন্ধটি কত সালে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

ঞ) "বাংলাদেশে ফেরা" — প্রবন্ধ সংকলনটি কত সালে প্রকাশিত হয়? প্রবন্ধটি রচিত হয় কোন্ সময়ে?

ট) "আমাদের জেনারেশনের একটি বড় স্বপ্ন এর বাস্তবায়ন করা" — রচনার অংশটি কার লেখা? বড় স্বপ্নটি কী?

ঠ) 'কবর' নাটকটি কত সালে প্রকাশিত হয়? নাট্যকার নাটকটি কোথায় বসে রচনা করেন?

ড) "আপনার চাকরি নেয়া সার্থক হয়েছে। এবার একটু বসে আরাম করুন। ভয়ঙ্কর ঠাণ্ডা আপনার পা সুদ্ধা কাঁপছে।" — কে, কাকে একথা বলেছেন?

ঢ) "লাশ দেখলেই ও মুখের মধ্যে ভাত গুঁজে দিতে চাই — কারণ, ওর ধারণা মানুষ শুধু একরকমেই মরতে পারে! খেতে না পেয়ে। পাগল। বদ্ধ পাগল!" — কার সম্পর্কে এ কথা বলা হয়েছে? কে একথা বলেছেন?

ণ) 'কবর' নাটকটি কোন্ আন্দোলনের প্রেক্ষাপটে রচিত? 'কবর' নাটকের কয়টি অংক বিভাজন ও দৃশ্য বিভাজন রয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'মানুষ' কবিতায় কবি নির্মলেন্দু গুণ 'মানুষ' হওয়ার জন্য যে যে গুণ বা বৈশিষ্ট্যের কথা বলেছেন তা কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) কবি দাউদ হায়দার 'তোমার দূরত্ব নিত্য আমার ক্রোধের দিনে' কবিতায় যুদ্ধোত্তর বাংলাদেশের যে চিত্র তুলে ধরেছেন তা সংক্ষেপে ব্যক্ত করো।

গ) "সেই একই গল্প, স্বামী ভাত দেয় না, তাড়িয়ে দিয়েছিল, না হয় নিজে গায়েব হয়ে গেছে" — প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য ব্যাখ্যা করো।

ঘ) "ফুলের গন্ধে ঘুম আসে না একলা জেগে রই,/মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই?"— কোন্ প্রসঙ্গে গল্পকার একথা বলেছেন? এরূপ বলার কারণ কি?

ঙ) "আমরা আরো একটু যোগ করে বলতে পারি যে, বহুকাল হতে বাংলাদেশে লোককাহিনীগুলোও একই প্রমাণ দেয়।" — লোককাহিনীগুলি কী প্রমাণ দেয় তা আলোচনা করে বুঝিয়ে দাও।



চ) মুনীর চৌধুরী রচিত "কবর" নাটকে উল্লেখিত 'নেতা' চরিত্রটির গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) কবি শামসুর রাহমান রচিত "স্বাধীনতা তুমি" কবিতার মূলভাবটি কবিতা অবলম্বনে আলোচনা করো।

খ) সৈয়দ ওয়ালীউল্লাহের 'কেরায়া' ছোট গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

গ) হাসান আজিজুল হকের 'জননী' গল্প অবলম্বনে 'আয়েশা' চরিত্রটি বিশ্লেষণ করো।

ঘ) মুনীর চৌধুরী রচিত 'কবর' নাটকের গঠন কৌশল আলোচনা করো।

———

# Internal Examination

**2021**

5th Semester

Sub - Bengali Hons

**Paper - DSE 2**

Total Marks - 15

**১) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) "স্বাধীনতা তুমি" - কবিতায় কবি শামসুর রাহমান কোন স্বাধীনতার কথা বলেছেন ?

খ) "কবর" নাটকের নামকরণের সার্থকতা বিচার কর।

**২) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) আবু জাফর শামসুদ্দিনের মতে মুসলিম প্রশাসকেরা বাংলা সাহিত্যের পৃষ্ঠপোষকতা করেছিল কেন ?

খ) "মার্চের স্বপ্ন"- প্রবন্ধে প্রাবন্ধিক কেন মনে করেছেন যে, বাংলাদেশ তার বীর শহিদ দের প্রতি সঠিক সম্মান জানায়নি ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) "মহাজনের পা আছে কেয়ারার পা নাই" - তাৎপর্য লেখ।

খ) "হয়তো ওখানে শত কলসিতে ভরা আছে একশ সন্তান" - প্রসঙ্গ ব্যাখ্যা কর।

**৪) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) "কবর" নাটকটি নাটককার কোন বিশেষ সময়ে রচনা করেন ?

খ) আবু জাফর শামসুদ্দিন কবে কোথায় জন্মগ্রহণ করেন ?

-----------

# ২০২০
# বাংলা
## (অনার্স)
## ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
## পঞ্চম সেমেস্টার
## কোর্স কোড : BNGH-DSE-T-1
## (সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।
(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) পাশ্চাত্যের একজন সাহিত্যতাত্ত্বিকের নাম উল্লেখ করে তাঁর একটি গ্রন্থের নাম লেখো।

খ) 'বক্রোক্তিবাদে'র প্রতিষ্ঠাতা কে? তিনি কোন্ গ্রন্থে বক্রোক্তি নিয়ে আলোচনা করেছেন?

গ) 'অনুকরণে'র প্রধান বিষয় ক'টি? প্রত্যেকটির নাম লেখো।

ঘ) কাব্যপাঠে যিনি 'চতুর্বর্গ ফলপ্রাপ্তি'র কথা বলেছেন তাঁর নাম কী? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম লেখো।

ঙ) 'সাহিত্যের সত্য' কেন চিরকালীন সত্য?

[পরপৃষ্ঠায়]

চ) 'সুররিয়ালিজমে'র প্রবক্তা কে? এর বাংলা প্রতিশব্দ কী?

ছ) ইংরেজী সাহিত্যে রোমান্টিক আন্দোলনের পুরোধা দুজন কবির নাম লেখো। 'লিরিক্যাল ব্যালাডস্' গ্রন্থটি কত সালে প্রকাশিত হয়?

জ) বাংলা সাহিত্যে একটি ক্লাসিক কাব্যের নাম কবির নাম প্রকাশকাল সহ লেখো।

ঝ) কোন্ সময়কে 'প্রাচীন ক্লাসিক যুগ' বলা হয়? দু'টি ক্লাসিক সাহিত্যের নাম লেখো।

ঞ) পাশ্চাত্য সাহিত্যে 'ন্যাচারালিজম' প্রসঙ্গের উল্লেখ করেন কে? বাংলায় এর প্রতিশব্দ কী?

ট) কাব্যের উদ্দেশ্য কী?

ঠ) 'সাহিত্য দেশের অবস্থা এবং জাতীয় চরিত্রের প্রতিবিম্ব মাত্র' —এই বাক্যের মাধ্যমে বঙ্কিমচন্দ্র কী বোঝাতে চেয়েছেন?

ড) 'রক্তকরবী'র তিনজন কারা? এই তিনজনের প্রেমের রঙ কী কী?

ঢ) রবীন্দ্রকাব্যে 'Sense of evil'-এর বাংলা আবু সয়ীদ আইয়ুব কী করেছেন? মূল প্রবন্ধটির নাম লেখো।

ণ) 'Naturalistic' কাদের বলা হয়?

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) 'ঔচিত্য' বলতে কী বোঝো? এ সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

খ) 'কাব্যসত্য' সম্পর্কে রাবীন্দ্রিক ভাবনার পরিচয় দাও।

গ) 'রোমান্টিসিজমে'র বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

ঘ) 'ক্লাসিসিজমে'র উদ্ভব ও বিকাশের সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঙ) 'ভারতবর্ষীয় সাহিত্যে'র গতিপ্রকৃতি অনুধাবন করতে বঙ্কিমচন্দ্র যে 'গোটাকতক স্থূল চিহ্ন'এর কথা 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধে উল্লেখ করেছেন তা সংক্ষেপে জানাও।

চ) 'একদিন তার জন্যে প্রাণ দিয়ে দেবে এই ছিল তার সাধ।' — কার জন্য কে প্রাণ দিতে চেয়েছিল? তার প্রাণ দেওয়ার ইচ্ছা প্রকাশের কারণ কী? সত্যিই কী তাকে প্রাণ দিতে হয়েছিল?

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'অনুকৃতি' কী? অনুকৃতি সম্পর্কে প্রাচ্য আলংকারিকরা যে ভাবনার পরিচয় দিয়েছেন তা আলোচনা করো।

খ) দর্শনের 'Realism' এবং সাহিত্যের 'Realism' কী এক? বাস্তবতা কখন সাহিত্য পদবাচ্য হয়ে ওঠে - এই বিষয়টিকে বিস্তারিত করো।

গ) "বাঁশি কোন সুরে কাঁদে? সে কি 'আমি চাই, আমি পাই'? এর আসল কথাই আমি! না বাঁশি বলে - 'তুমি! তুমি! তুমি!" - এই উক্তির আলোকে 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধের স্বরূপটি নিজের ভাষায় ব্যক্ত করো।

ঘ) 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে কয়টি শ্রেণিতে ভাগ করেছেন? এই বিভাজনের কারণগুলি কি কি? - প্রবন্ধ অনুসরণে নিজের ভাষায় বিবৃত করো।

---

# Internal Examination
**2021**

5th Semester

Sub - Bengali Hons

**Paper - DSE 1**

Total Marks - 15

**১) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) বাঙালি গীতিকবিদের বঙ্কিমচন্দ্র দুটি দলে ভাগ করেছেন। এই দুটি দলের বৈশিষ্ট্য আলোচনা প্রসঙ্গে জয়দেব ও বিদ্যাপতির কবিপ্রকৃতির তুলনামূলক আলোচনা করো।

খ) সাহিত্যের ক্ষেত্রে অনুকৃতিবাদ সম্পর্কে বিশদ আলোচনা করো।

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২= ৪

ক) সাহিত্যের ক্ষেত্রে ঔচিত্য বলতে কী বোঝায় ?

খ) "কদর্যের দিকে, দুঃখ ও পাপের দিকে আধুনিকেরা মোহমুক্ত চোখে তাকাতে পারেন নি।" - এই কথাগুলির অর্থ কী ?

গ) রোমান্টিসিজম্ এর দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) সুররিয়ালিজম্ এর প্রবক্তা কে ?

খ) "জগতের মাঝে কত বিচিত্র তুমি হে
তুমি বিচিত্র রূপিণী! "

- পঙক্তিটি কোন্ কাব্যগ্রন্থের কোন্ কবিতার অংশ ?

-----------

২০২০

# বাংলা

(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড ঃ BNGH-CC-T-12

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

**[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]**

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) প্রহসনের সংজ্ঞা দাও।

খ) একাঙ্ক নাটকের দুটি লক্ষণ বলো।

গ) বাংলা সাহিত্যে দুজন নাট্যকারের দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখো।

ঘ) সামাজিক নাটকের সংজ্ঞা লেখো।

ঙ) ‘বেঙ্গলি থিয়েটার’-এর প্রতিষ্ঠাতার সম্পূর্ণ নাম লেখো। কত সালে এই থিয়েটার প্রতিষ্ঠিত হয়েছিল?

(পরের পাতায়)

চ) বেলগাছিয়া নাট্যশালায় অভিনীত মাইকেল মধুসূদন দত্ত রচিত চারটি নাটকের নাম লেখো।

ছ) রামনারায়ণ তর্করত্ন রচিত শ্রেষ্ঠ নাটকটির নাম করো। এছাড়াও তাঁর রচিত আরো তিনটি নাটকের উল্লেখ করো।

জ) ‘সধবার একাদশী’ নাটকে নারী চরিত্রগুলির নাম লেখো।

ঝ) ‘অচলায়তন’ নাটকটি কী ধরনের নাটক? তোমার বক্তব্যের সপক্ষে একটি যুক্তি দাও।

ঞ) ‘সধবার একাদশী’ নাটকের রচয়িতা কে? তাঁর রচিত আরো দুটি সামাজিক নাটকের নাম করো।

ট) ‘অচলায়তন’ নাটকে ব্যবহৃত দুটি গানের উল্লেখ করো।

ঠ) মধুসূদন দত্ত রচিত দুটি প্রহসনধর্মী নাটকের সময় উল্লেখ করে নাম লেখো।

ড) কত সালে কোন্ নাটক অভিনয়ের মধ্যে দিয়ে জাতীয় নাট্যশালার সূচনা হয়?

ঢ) “সভ্যতার সহিত বিদ্যাভাবের উদ্বাহ হওয়ার ফলেই এই বিড়ম্বনা”— কোন্ নাটকে কার উক্তি? উক্তিটির অর্থ লেখো।

ণ) ট্রাজেডির দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ট্রাজেডি ও কমেডির পার্থক্য লেখো।

খ) বাংলা সাহিত্যে একটি উল্লেখযোগ্য সামাজিক নাটকের উল্লেখ করে সামাজিক নাটকরূপে তার সার্থকতা বিচার করো।

গ) "এর চেয়ে বিধবা হয়ে থাকা ভালো"— কোন্ নাটকে কার উক্তি? বক্তার এরকম মনোভাবের কারণ কী?

ঘ) অচলায়তন নাটকের 'সুভদ্র' চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

ঙ) "মপোস্বালে আমরা কারো বাড়ী গেলে উঁচু আসনে বসি"— কার উক্তি? উক্ত চরিত্র সম্পর্কে সংক্ষেপে লেখো।

চ) টীকা লেখো : লেবেদফের 'বেঙ্গলী থিয়েটার'।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'অচলায়তন' নাটকে ব্যবহৃত গানগুলির প্রয়োজনীয়তা আলোচনা করো।

খ) 'সধবার একাদশী' নাটকে বর্ণিত তৎকালীন সমাজচিত্রটি বর্ণনা করো।

গ) বাংলা নাট্যসাহিত্যের ইতিহাসে জাতীয় নাট্যশালার (ন্যাশনাল থিয়েটার) প্রতিষ্ঠা ও প্রথম পর্বটির কার্যকলাপ আলোচনা করো। (১৮৭২-৭৩)

ঘ) 'অচলায়তন' নাটকে নামকরণ সার্থক কিনা আলোচনা করো।

------------

# Internal Examination
**2021**

5th Semester

Sub - Bengali Hons

**Paper - CC 12**

Total Marks - 15

**১) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) "অচলায়তন" - নাটকটিকে তত্ত্বনাটক বলা কতখানি যুক্তিযুক্ত আলোচনা কর।

খ) বাংলা থিয়েটারের ইতিহাসে "বাগবাজার অ্যামেচার থিয়েটার"-এর গুরুত্ব আলোচনা কর।

**২) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) "দত্ত কারও ভৃত্য নয়" - তাৎপর্য লেখ।

খ) "তোমার সঙ্গে সভাপতি খুড়োর পরিচয় আছে ?"- কে কাকে একথা বলেছে ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ২ = ২

ক) অ্যারিস্ততল তাঁর গ্রন্থে ট্রাজেডির কি কি উপাদান উল্লেখ করেছেন ?

খ) "আজ বিপদের দিনে বয়স বিচার' - বক্তা কে কোন বিপদের কথা বলা হয়েছে ?

**৪) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুরের লেখা দুটি ঐতিহাসিক নাটকের নাম লেখ।

খ) বাঙালির উদ্যোগে অভিনীত প্রথম বাংলা নাটকটি নাম লেখ।

-----------

# ২০২০
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড ঃ BNGH-CC-T-11

(বাংলা উপন্যাস)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

**[A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।]**

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'অন্ধকারের ভাবনা কেনে হয় রে!

অন্ধকারেই পরাণপাখি সেই দ্যাশেতে যায় রে!'

— 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের কোন্ পর্বে এই ছড়াটি রয়েছে? কে ছড়া কেটেছে?

খ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটি প্রথম কবে, কোথায় প্রকাশিত হয়েছিল?

গ) 'আবার নতুন বাঁশের বেড়া উঠবে'— কার উক্তি? কোথায় রয়েছে?

*(পরের পাতায়)*

ঘ) 'তবে যে বললে, ছিস্টি ছিল না তখন। চন্দ না, সূয্যি না, পিথিমী না, মানুষ না, পশু না, পক্ষী না'-

— কার উক্তি? কোথায় রয়েছে?

ঙ) নিম তেলে পানু কার নাম? এই নামকরণের কারণ কি?

চ) 'ঘিয়ে ভাজা তপ্ত লুচি, দু চারি আদার কুচি।

কচুরি তাহাতে খান দুই—'

— এই বর্ণনাটি কোথায় রয়েছে? কোন্ নাটকের, প্রসঙ্গ ধরে কে এটি বলেছে?

ছ) 'ওহে ব্রজাঙ্গনা কি কর কৌতুক

আমার সৃষ্টি করা চতুর্মুখ ...'

— কার লেখা? কে গেয়েছেন?

জ) মোল্লাহাটি নীলকুঠির বড় সাহেবের নাম কি? 'শ্যামচাঁদ' বলতে কি বোঝানো হতো?

ঝ) 'ইচ্ছামতি' উপন্যাসটি বিভূতিভূষণ কাকে উৎসর্গ করেন? এটি কত সালে রবীন্দ্র পুরস্কারে সম্মানিত হয়?

ঞ) ''দু'কাঠা চালের ভাত, দু'হাড়ি কলাইয়ের ডাল, আঠারো গণ্ডা নারকেলের নাড়ু, এক খোরা অম্বল আর দু'ঘটি জল খেয়ে সে ভোজনপর্ব সমাধা করলে।''

— কার কথা বলা হয়েছে? তার আসল নাম কি?

ট) 'মায়া মৃদঙ্গ' উপন্যাসটি লেখক কাদের উৎসর্গ করেন? এর প্রথম প্রকাশকাল বলো।

ঠ) 'এখনও বড় মায়ায় আক্রান্ত হই। ওরা আমাকে রেহাই দেয় না এখনও।'

— কার কথা? কোথায় বলেছেন?

ড) 'চালান' কি? কোন্ লোকনাট্যে এর ব্যবহার হয়?

ঢ) 'হেথায় ... বাদশা ফকির সবায় সমান

হিন্দুরা শ্মশান বলে, মুসলমানে গোরস্থান।'

— কে গেয়েছেন? কোন্ আসরে এটি গাওয়া হয়েছে?

ণ) 'এ ভব্যতা তার স্বভাবসিদ্ধ।'

— কার কথা কি প্রসঙ্গে বলা হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

ক) হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে সঙ্গীতের প্রয়োগ কতটা সার্থক হয়েছে সে বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো।

খ) কথক চরিত্ররূপে সুচাঁদ চরিত্রটির মূল্যায়ন করো।

গ) 'ইছামতী' উপন্যাসের ভাষাশৈলী বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ লেখো।

ঘ) 'তিলু শান্ত পল্লী বালিকা, ওর চোখে যৌবনাচঞ্চল কটাক্ষ নেই।'

— এই উক্তির আলোকে তিলু চরিত্রটি আলোচনা করো।

ঙ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে 'আলকাপ' প্রসঙ্গে লেখকের অভিমত বিশ্লেষণ করে দেখাও।

চ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে সনাতন চরিত্রের সার্থকতা বিচার করো।



৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসে বনওয়ারী ও করালীর দ্বন্দ্ব আসলে দুটো সময়ের মধ্যেকার টানাপোড়েন দেখায়।'— আলোচনা করো।

খ) 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসের গঠনশৈলী আলোচনা করো।

গ) একটি গতিশীল প্রাণের প্রতীকরূপে ইছামতী নদী 'ইছামতী' উপন্যাসে কিভাবে ব্যবহৃত হয়েছে তা দেখাও।

ঘ) 'এ এক অদ্ভুত জগতের কথকতা। এক মায়ার জগৎ।'

— 'মায়ামৃদঙ্গ' উপন্যাসে 'অদ্ভুত জগতের কথকতা' কিভাবে শিল্পময় হয়ে উঠেছে বলো।

---

# Internal Examination

**2021**

5th Semester

Sub - Bengali Hons

**Paper – CC 11**

Total Marks - 15

**১) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) কোন সালের বন্যার কথা বলে 'ইছামতী' উপন্যাস শুরু হয়েছে ?

খ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় তোমাদের পাঠ্য উপন্যাসটি কাকে উৎসর্গ করেছেন ?

গ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসের লেখক কোন জেলায় জন্মগ্রহণ করেন ?

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২= ৪

ক) আসল জাতীয় ইতিহাস প্রসঙ্গে বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় 'ইছামতী'র ভূমিকায় যে শেষ দুটি বাক্য লিখেছেন তা উল্লেখ করো।

খ) তোমাদের পাঠ্য তিনটি উপন্যাসের মধ্য থেকে তিনটি নদীর নাম লেখ।

গ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসের লেখকের মা ও বাবার নাম উল্লেখ কর।

**৩) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) 'ইছামতী' উপন্যাসের নালুপাল চরিত্রের উত্থান প্রসঙ্গ ব্যাখ্যা কর।

খ) নবীন প্রবীনের দ্বন্দ্ব তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের তোমাদের পাঠ্য উপন্যাসে কীভাবে রূপায়িত হয়েছে তা আলোচনা কর।

গ) 'মায়ামৃদঙ্গ' উপন্যাসটিকে আত্মজীবনীমূলক উপন্যাস বলা যায় কিনা আলোচনা কর।

-------------

# ২০২০
# বাংলা
## (প্রোগ্রাম)
## জেনেরিক ইলেকটিভ
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-GE-T-1

(বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) কমেডির সংজ্ঞা লেখো।

খ) একাঙ্ক নাটকের সংজ্ঞা লেখো।

গ) সামাজিক নাটকের দুটি বৈশিষ্ট্যের উল্লেখ করো।

ঘ) বাংলা সাহিত্যের চারটি পৌরাণিক নাটকের নাম লেখো।

ঙ) 'বেলগাছিয়া নাট্যশালা'য় অভিনীত চারটি নাটকের নাম করো।

চ) ন্যাশনাল থিয়েটারের সাথে যুক্ত চারজন নাট্য ব্যক্তিত্বের নাম করো।

ছ) 'সধবার একাদশী' নাটকটি কী ধরনের নাটক? রচয়িতার নাম করো। বাংলা সাহিত্যে এরকম আরো দুটি নাটকের নাম করো।

[পরপৃষ্ঠায়]

জ) 'অচলায়তন' নাটকের চারটি চরিত্রের নাম করো।

ঝ) 'বেঙ্গলী থিয়েটার'এর প্রতিষ্ঠাতা কে? কত সালে এটি প্রতিষ্ঠিত?

ঞ) 'অচলায়তন' নাটক-এর প্রথম গান কোন্‌টি? কোন্ চরিত্রের সঙ্গে সংযুক্ত?

ট) ট্রাজিডিধর্মী দুটি নাটক রচয়িতার নাম সহ উল্লেখ করো।

ঠ) আশুতোষ দেব (মতু বাবু)-এর থিয়েটার কাদের দ্বারা প্রতিষ্ঠিত?

ড) 'অচলায়তন' নাটকের দৃশ্যসংখ্যা কটি? এটি কী ধরনের নাটক?

ঢ) জোড়াসাঁকো নাট্যশালায় অভিনীত দুটি নাটকের নাম করো।

ণ) ন্যাশানাল থিয়েটার-এ অভিনীত প্রথম নাটক কোন্‌টি? নাট্যকার-এর নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৪×৫=২০

ক) টীকা লেখ — ঐতিহাসিক নাটক।

খ) 'অচলায়তন' নাটকে পঞ্চক চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

গ) ট্রাজেডির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

ঘ) "যাসনে, ও কাঞ্চন যাসনে। আমার মাতা খাস, মা" — কোন্ নাটকে, কার উক্তি? বক্তা কে? তিনি একথা কেন বলেছেন?

ঙ) বাংলা সাহিত্যের একটি পৌরাণিক নাটকের সংক্ষিপ্ত আলোচনা করো।

চ) 'সধবার একাদশী' নাটকের কাঞ্চন চরিত্রটির সংক্ষিপ্ত আলোচনা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও ঃ ২×১০=২০

ক) 'সধবার একাদশী' নাটকে নিমচাঁদ চরিত্রটি আলোচনা করো।

খ) 'অচলায়তন' নাটকের নামকরণ বিষয়ে আলোচনা করো।

গ) নবীন বসুর থিয়েটার সম্পর্কে আলোচনা করো।

ঘ) প্রহসনের সংজ্ঞা ও বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করো।

---

# Internal Examination

2021

5th Semester

Sub - Bengali General

**Paper - GE 1**

Total Marks - 15

**১) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) "সধবার একাদশী" নাটকে বাঙ্গালের নাম কি ?

খ) বিশ্বনাথ কবিরাজের গ্রন্থের নাম লেখ।

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) "অচলায়তন" নাটকে পঞ্চকের সংক্ষিপ্ত পরিচয় দাও।

খ) প্রাচীন ভারতের কয়েকজন আলংকারিকের নাম লেখ।

গ) "কমেডি" শব্দের উৎস লেখ।

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) "সধবার একাদশী" প্রহসনে প্রকৃত নায়ক কে যুক্তি দিয়ে বুঝিয়ে দাও।

খ) "অচলায়তন" নাটকে মহাপঞ্চকের ভূমিকা আলোচনা করো।

গ) "বেলগাছিয়া নাট্যশালা" সম্পর্কে যা জান আলোচনা কর।

-----------

# ২০২০
# বাংলা
(প্রোগ্রাম)

স্কিল এনহ্যাসমেন্ট কোর্স

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BENG-G-SEC-T-3

(লোকগান)

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) লোকগান বলতে কি বোঝ?

খ) গাউনি কে?

গ) বাউলদের দু'টি সম্প্রদায়ের নাম বল।

ঘ) লালন ফকিরের গানের বৈশিষ্ট্য লেখ।

ঙ) 'অচিন পাখি' কথার অর্থ কী? এ নিয়ে যে বিখ্যাত গানটি রচিত তার উল্লেখ করো।

চ) ভাটিয়ালি গান কাকে বলে?

ছ) ভাওয়াইয়া গানের বিভাগগুলি উল্লেখ করো।

[পরপৃষ্ঠায়]

জ) আলকাপে ব্যবহৃত কয়েকটি বাদ্যযন্ত্রের নাম লেখ।

২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) বিয়ের গানের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো।

খ) 'মেহেদির পাতা চিরল গোচারল' - কী ধরনের গান? এর তাৎপর্য সংক্ষেপে করো।

গ) 'ভাওয়াইয়া' গান কোথায় কোথায় প্রচলিত? এই গানের বৈশিষ্ট্য লেখ।

ঘ) আলকাপ গানের শিল্পীসমাজ ও শিল্পীদের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'সব লোকে কয় লালন কি জাত সংসারে' - কবির নামসহ উল্লেখিত অংশটির তাৎপর্য বিশ্লেষণ করো।

খ) 'ভাওয়াইয়া' গান নামকরণ সম্পর্কে প্রচলিত মতগুলি ব্যক্ত করো।

গ) 'ভাটিয়ালি' কোন্ অঞ্চলের লোকসংগীত? এই গানের বিশেষত্বগুলি আলোচনা করো।

ঘ) বাংলার সংস্কৃতিতে হিন্দু-মুসলিম সম্প্রীতিতে আলকাপের ভূমিকা কতটা আলোচনা করো।

# Internal Examination

**2021**

5th Semester

Sub - Bengali General

**Paper - SEC 3**

Total Marks - 10

**১) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও :** - ১ X ১ = ১

ক) বিবাহকে কটি ভাগে ভাগ করা হয় ও কি কি ?

খ) ঝুমুর গান কোন্ জেলার বিখ্যাত গান ?

গ) আলকাপ সম্রাট কাকে বলা হয় ?

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :** - ২ X ২ = ৪

ক) বিয়ের গানের চারটি বৈশিষ্ট্য লেখ।

খ) লালন ফকির কেন হিন্দু ধর্ম পরিত্যাগ করেছিলেন ?

গ) ভাটিয়ালি গান কাকে বলে ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও :** - ১ X ৫ = ৫

ক) বাঙালি মুসলিম সমাজে বিয়ের গানের পরিচয় দাও।

খ) লোক সংগীত বলতে কি বোঝ? আলোচনা কর।

------------

# ২০২০
# বাংলা
## (প্রোগ্রাম)
### ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)
### (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
### পঞ্চম সেমেস্টার
### কোর্স কোড : BNGP-DSE-T-1
### (সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)

পূর্ণমান : ৬০ সময় : ২:৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।
প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।
(A4 কাগজের দশ থেকে বারো পাতার মধ্যে উত্তরপত্র সম্পূর্ণ করতে হবে।)

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) দার্শনিক প্লেটোর মতানুযায়ী 'অনুকরণ' বা 'অনুকৃতি' বলতে কি বোঝো?

খ) 'বক্রোক্তি'র অর্থ কী?

গ) ভারতীয় কাব্যতত্ত্বের আদিগুরু কে? তাঁর লেখা বিখ্যাত গ্রন্থটির নাম লেখো।

ঘ) আচার্য বামনের মতে 'রীতি' কয়প্রকার ও কী কী?

ঙ) 'কাব্যসত্য' বা 'সাহিত্যের সত্য' সম্পর্কে রবীন্দ্রনাথের মন্তব্য কী ছিল?

[পরপৃষ্ঠায়]

চ) 'রীতিবাদে'র জনক কে? 'রীতিবাদ' নিয়ে আলোচনা করেছেন এমন দু'জন আলঙ্কারিকের নাম লেখো।

ছ) 'রোমান্টিসিজম' বলতে কী বোঝো?

জ) বাংলা সাহিত্যে ক্লাসিসিজমের সূচনা কার লেখা কোন্ কাব্যের হাত ধরে?

ঝ) বাংলা সাহিত্যে 'সুররিয়ালিজমের' প্রভাব কোন্ কবির মধ্যে সবচেয়ে বেশি দেখা যায়? তার একটি সুররিয়ালিজমযুক্ত কবিতার নাম লেখো।

ঞ) বাংলা সাহিত্যে 'নিউ ক্লাসিক' যুগের সূত্রপাত কোন্ কবির কোন্ কাব্যের মাধ্যমে?

ট) কোন্ কোন্ 'কবিওয়ালা'র রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে বঙ্কিমচন্দ্র মনে করেন?

ঠ) 'রক্তকরবী' নাটকটির রচয়িতা কে? কত সালে কোন্ পত্রিকায় নাটকটি প্রথম প্রকাশিত হয়?

ড) 'রঞ্জন'-এর সঙ্গে পাঠক দর্শকের পরিচয় ঘটেছে কীভাবে?

ঢ) প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুব কোন্ পর্বের কবিতাকে রবীন্দ্রনাথের গোটা জীবন-দর্শন বলে মনে করেন?

ণ) "আমি এই বাণীর পন্থাতেই আমার গদ্য ও পদ্য রচনাকে চালনা করতে পেরেছি" — উদ্ধৃত বাক্যের উৎস নির্দেশ করো। এখানে কোন্ বাণীর পন্থার কথা বলা হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) আচার্য বামন অলংকারকে 'কাব্যের আত্মা' না বলে রীতিকে কেন কাব্যের আত্মা বলেছেন — সংক্ষেপে লেখো।

খ) ক্লাসিসিজমের বৈশিষ্ট্য বা লক্ষণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

গ) বাংলা কাব্যে রোমান্টিসিজমের বিকাশ সম্পর্কে আলোচনা কর।

ঘ) '.... এক বৈষ্ণব কবিগণই ইহার সমুদ্র বিশেষ।' - সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

ঙ) "দুঃখের আনন্দে যে গান গেয়ে বেড়ায়, কেউ জানে না কোথায় তার সত্যিকারের ব্যথা।" — কে গান গেয়ে বেড়ায়? 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধে প্রাবন্ধিক 'সত্যিকারের ব্যথা'কে কেমনভাবে উদ্‌ঘাটন করেছেন?

চ) "অথবা বলা উচিত সৌধরচনা অসমাপ্তই রয়ে গেল কবির মৃত্যুকালে," — সপ্রসঙ্গ তাৎপর্য ব্যাখ্যা করো।

৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) 'বক্রোক্তিবাদের' স্বরূপ এবং 'বক্রোক্তি' সম্পর্কে আলংকারিকদের আলোচনার পরিচয় দাও।

খ) 'সুররিয়ালিজমে'র সংজ্ঞা দাও। বাংলা সাহিত্যে সুররিয়ালিজমের প্রভাব সম্পর্কে আলোচনা করো।

গ) 'কাব্যে অন্তঃপ্রকৃতি ও বহিঃপ্রকৃতির মধ্যে যথার্থ সম্বন্ধ এই যে, উভয়ে উভয়ের প্রতিবিম্ব নিপতিত হয়।' — 'বিদ্যাপতি ও জয়দেব' প্রবন্ধ অনুসরণে বঙ্কিমচন্দ্র কেমনভাবে এই সিদ্ধান্তে উপনীত হয়েছেন, তা সংক্ষেপে লিপিবদ্ধ করো।

ঘ) "এরা তিনজনেই নন্দিনীকে ভালোবাসতো। আর নন্দিনীও ভালোবাসত তিনজনকেই। কিন্তু ভালোবাসার রকমফের থাকে। এদের ভালোবাসার ছিলো।" — 'রক্তকরবীর তিনজন' প্রবন্ধ অবলম্বনে সেই 'ভালোবাসার রকমফের' - এর স্বরূপ উন্মোচন করো।

# Internal Examination
## 2021
5th Semester
Sub - Bengali General
**Paper - DSE 1**
Total Marks - 15

**১) যে কোন একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১ = ১

ক) "রীতিরাত্মা কাব্যস্য" - এই উক্তিটি কার।

খ) "বক্রোক্তিকাব্যজীবিতম্" অর্থাৎ বক্রোক্তি কাব্যের প্রাণ - বক্তা কে ?

**২) যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : -** ২ X ২ = ৪

ক) "বিদ্যাপতি ও জয়দেব" প্রবন্ধ অবলম্বনে দুজন কবিওয়ালার নাম লেখ।

খ) "বুদ্ধদেব বসুর এ মত আমি গ্রহণ করতে পারি না" -কার লেখা কোন রচনার অংশ ? বক্তা কে ? কোন মত কেন তিনি গ্রহণ করতে পারেননি ?

গ) রবীন্দ্রনাথ ঠাকুরের জীবনে "রৌদ্ররাগিনীর দীক্ষা" বলতে প্রাবন্ধিক কোন সময়কে চিহ্নিত করেছেন ?

**৩) যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : -** ১ X ১০ = ১০

ক) "আধুনিকতা ও রবীন্দ্রনাথ" প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিকের মূল দৃষ্টিভঙ্গি কিভাবে প্রতিফলিত হয়েছে তা আলোচনা করো।

খ) "বঙ্গীয় গীতিকাব্য লেখক দিকে দুই দলে বিভক্ত করা যাইতে পারে" - আলোচ্য "বিদ্যাপতি ও জয়দেব" প্রবন্ধ অবলম্বনে বঙ্কিমচন্দ্রের এই মন্তব্যের তাৎপর্য আলোচনা করো।

-----------